



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

website : <https://www.bise-ctg.gov.bd>

স্মারক নং : চশিবো/ ক-শা/ রেজিঃ/৪৫৮/২০১৮/৭৫২৫ (৮০)

তারিখ : ০৭/০৯/২০২২ ইং

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থীর
eSIF (রেজিস্ট্রেশন) করা যায়নি তাদের রেজিস্ট্রেশন সংক্রান্ত


বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন কলেজ/স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে বিভিন্ন কলেজে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী (প্রতিবন্ধি, প্রবাসী সন্তান, খেলোয়াড়, সাংস্কৃতিক ক্ষেত্রে অবদান/বিশেষ অনুমতি) কলেজ (www.xiclassadmission.gov.bd) ভর্তির ওয়েব সাইটের মাধ্যমে eSIF/রেজিস্ট্রেশন করতে পারেনি, উক্ত শিক্ষার্থীদের বিষয়ে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ কর্তৃক রেজিস্ট্রেশন ফি প্রদান পূর্বক বোর্ডে আবেদন জমা দিয়েছে, তাদের Online-এ eSIF/রেজিস্ট্রেশন শিক্ষা বোর্ডের ওয়েব সাইটের (www.bise-ctg.gov.bd) মাধ্যমে প্রতিষ্ঠানের EIIN ও Password ব্যবহার করে আগামী ১২/০৯/২০২২ তারিখ হতে ১৮/০৯/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট কলেজে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

কলেজ ভর্তির ওয়েব সাইটের (www.xiclassadmission.gov.bd) মাধ্যমে eSIF/রেজিস্ট্রেশনকৃত এবং বোর্ডের ওয়েব সাইটের (www.bise-ctg.gov.bd) মাধ্যমে eSIF/রেজিস্ট্রেশনকৃত (যদি থাকে) শিক্ষার্থীদের eSIF-এর ডাউনলোডকৃত তালিকার (হার্ডকপি) শিক্ষাবোর্ডের কলেজ শাখায় আগামী ২৯/০৯/২০২২ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হল।

eSIF Entry দেয়ার সময় শিক্ষার্থীদের তথ্য, ছবি ও বিষয় কোড অত্যন্ত সতর্কতার সাথে Entry দিতে হবে এবং এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজি: কার্ডের সাথে মিলিয়ে Reg. No., Roll No., Passing Year, Board Name দেয়ার ক্ষেত্রেও সতর্ক থাকতে হবে, যাতে কোন ভুল না হয়। কোন শিক্ষার্থীর দ্বৈত রেজিস্ট্রেশন করা যাবে না। তথ্য ভুল এন্ট্রির জন্য কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন জটিলতার সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে



(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

E-mail: ic@bise-ctg.gov.bd

প্রাপক :

অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান

অত্রবোর্ডের আওতাধীন সকল কলেজ/স্কুল ও কলেজ।

অনুলিপি :-

১। পি.এস টু চেয়ারম্যান, অত্রবোর্ড।

২। অফিস নথি।